# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
www.teaboard.gov.bd

স্মারক নং : ২৬.০৯.০০০০.০০০.১০১.১১.০০২০.২৬.১৩৯০

তারিখ : ১১ শ্রাবণ ১৪৩৩ ব.
২৬ জুলাই ২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের ২২ জুন ২০২৬ খ্রি. তারিখের ২৬.০০.০০০০.০০০.০৯০.১১.০০০১.১৭.১৮৮ নং ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ চা বোর্ড এবং বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) ও প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ) এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে https://bteab.teletalk.com.bd ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, কর্মস্থল ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | নিয়োগের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | প্রধান শিক্ষক (প্রাইমারী)<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০/- (গ্রেড : ১৪) | ০১ (এক)টি | বি এড সহ ২য় শ্রেণীর স্নাতক। শিক্ষকতায় ও প্রাথমিক বিদ্যালয় পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | খামার ও গুদাম সহকারী<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০/- (গ্রেড : ১৪) | ০১ (এক)টি | কৃষি বিষয়ে ডিপ্লোমা। বৈজ্ঞানিক কৃষি যন্ত্রপাতি এবং রাসায়নিক দ্রব্যাদি এবং সাধারণ গুদাম রক্ষণাবেক্ষণের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | পেশ ইমাম<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০/- (গ্রেড : ১৪) | ০১ (এক)টি | আলিম অথবা সমমানের পরীক্ষায় পাশ এবং কোরআনে হাফেজ। ইমাম হিসাবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম ও<br>বিটিআরআই এবং পিডিইউ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-(গ্রেড : ১৬) | ১৫ (পনের)টি | বাংলা ও ইংরেজী টাইপিং এ যথাক্রমে ২০ ও ২০ গতি সম্পন্ন (প্রতি মিনিটে) এবং এইচএসসি পাশ হতে হবে। |
| ০৫ | সহকারী শিক্ষক (শরীর চর্চা)<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-(গ্রেড : ১৬) | ০১ (এক)টি | শরীর চর্চায় ডিপ্লোমাসহ ২য় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশ। |
| ০৬ | জেনারেটর অপারেটর<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-(গ্রেড : ১৬) | ০২ (দুই)টি | ভারী ডিজেল ও পেট্রোল জেনারেটর ও ইঞ্জিন চালনায় অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ। |
| ০৭ | গাড়ীচালক,<br>পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-(গ্রেড : ১৬) | ০২ (দুই)টি | সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ভারী ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত। কোন সরকারী বা স্বায়ত্তশাসিত অথবা প্রতিষ্ঠিত বাণিজ্যিক প্রতিষ্ঠানে ড্রাইভিং কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৮ | কুক<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম<br>বেতন স্কেল : ৮৫০০-২০৫৭০/- (গ্রেড : ১৯) | ০১ (এক)টি | অবশ্যই এস, এস, সি পাশ/সংশ্লিষ্ট বিষয়ে সমমানের কারিগরী প্রশিক্ষণধারী। রন্ধন কার্যে পারদর্শিতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৯ | দপ্তরী<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৮৫০০-২০৫৭০/- (গ্রেড : ১৯) | ০১ (এক)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাশ হতে হবে। |
| ১০ | গবেষণাগার সহকারী<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৮৫০০-২০৫৭০/- (গ্রেড : ১৯) | ০১ (এক)টি | ৮ম শ্রেণী পর্যন্ত এবং সুস্বাস্থ্যের অধিকারী। মাঠে এবং গবেষণাগারে কায়িক পরিশ্রমের কাজ করতে সমর্থ ও ইচ্ছুক হতে হবে। |
| ১১ | অফিস সহায়ক<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম ও<br>বিটিআরআই এবং পিডিইউ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- (গ্রেড : ২০) | ০৬ (ছয়)টি | ৮ম শ্রেণী পাশ হতে হবে এবং সেই সাথে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ১২ | চেইনম্যান<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- (গ্রেড : ২০) | ০২ (দুই)টি | ৮ম শ্রেণী পর্যন্ত। স্বাস্থ্যবান ও কায়িক পরিশ্রম করতে ইচ্ছুক হতে হবে। |
| ১৩ | কুক কাম বেয়ারার<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড,<br>শ্রীমঙ্গল, মৌলভীবাজার।<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- (গ্রেড : ২০) | ০২ (দুই)টি | ৮ম শ্রেণী পাস। সুস্বাস্থ্যের অধিকারী এবং রন্ধন কাজে সহযোগীতা করার অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলী :**

০১। সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গত ১৮ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের গেজেটে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর নির্ধারণ করায় প্রার্থীদের বয়স ২৬/০৭/২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছর হতে হবে।

০২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারী বিধি বিধান অনুসরণপূর্বক (নির্ধারিত বয়সসীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) এর মূলকপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

০৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী :**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি https://bteab.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৮/০৭/২০২৬খ্রিঃ, সকাল- ১০ :০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৫/০৮/২০২৬খ্রিঃ, বিকাল- ০৫ :০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১-০৭ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২(বারো) টাকা সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা, ০৮-১৩ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ০৬(ছয়) টাকা সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং সকল গ্রেডের পদে অনগ্রসর নাগরিকদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ০৬(ছয়) টাকা সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS : BTEAB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : BTEAB ABCDEF

Reply : Applicant's Name, Tk 112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BTEAB<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : BTEAB <Space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : BTEAB YES 12345678

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for BTEAB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://bteab.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

০৪। প্রার্থীর যোগ্যতা যাচাই :

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে প্রার্থীর পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-১-৭) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)
২ প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫. ক্রমিক নং-৭ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
৬. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৭. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

০৫। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.teaboard.gov.bd প্রতিষ্ঠানের ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৬। যে কোন প্রকারের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

০৭। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৮। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯। নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। উপরে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে +৮৮০২৪৩১৮০১০২ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

২৮/০৭/২০২৬

**সচিব**
বাংলাদেশ চা বোর্ড